

আমতলীতে মাদ্রাসা সুপারের কাণ্ড শিক্ষকের পদত্যাগ গোপন রেখে বেতন বোনাস উত্তোলন করে আত্মসাৎ

প্রতিনিধি, আমতলী

আমতলী উপজেলার হরিনখোলা দাখিল মাদ্রাসার সুপার মোজ্জাফের হোসেন ও পদত্যাগী শিক্ষক আবু তাহের যোগসাজশে ম্যানেজিং কমিটির স্বাক্ষর জাল করে ব্যাংক থেকে বেতনের অর্ধলক্ষাধিক টাকা উত্তোলন করে আত্মসাৎ করেছেন বলে অভিযোগ উঠেছে।

অভিযোগে জানা গেছে, হরিনখোলা মাদ্রাসার সহকারী শিক্ষক আবু তাহের গত বছর জুলাই মাসে মাদ্রাসা থেকে পদত্যাগ করেছেন। তিনি একই মাসে তালুকদার পাড়া নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে যোগদান করেন। এ দিকে মাদ্রাসার সুপার মোজ্জাফের হোসেন তার পদত্যাগ পরে পগাপন রেখে গত বছর জুলাই থেকে ডিসেম্বর পর্যন্ত ৬ মাসের বেতন ও বোনাসসহ ৫৫ হাজার ২১৯ টাকা ব্যাংক থেকে উত্তোলনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র তৈরি করেন। এ বছর ২৭ জুন আমতলী সোনালী ব্যাংক শাখা থেকে ৫৫ হাজার ২১৯ টাকা উত্তোলন করেন।

এ ব্যাপারে মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও বড় বগী ইউপি চেয়ারম্যান আলমগীর হোসেন আলম মুন্সি জানান, তার এবং কমিটির সদস্যদের স্বাক্ষর জাল করা হয়েছে। বিষয়টি তদন্তের জন্য তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

মাদ্রাসা সুপার মোজ্জাফের হোসেন জানান, নিয়ম অনুসারে আবু তাহেরের বেতনের টাকা উত্তোলন করা হয়েছে।

শিক্ষক আবু তাহের জানান, মাদ্রাসা সুপার তাকে জুলাই বৃত্তির চেকে স্বাক্ষর নিয়ে টাকা উত্তোলন করেছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার গোলাম মোস্তফা জানান, ম্যানেজিং কমিটি তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেছে। এ কমিটির রিপোর্ট পাওয়ার পরে আইনগত ব্যবস্থা নেয়া হবে।